बैंक ऑफ़ बड़ौदा
Bank of Baroda
India's International Bank

কলকাতা জোন, কলকাতা

সাব-স্টাফ নিয়োগ – ২০১৬

ব্যাঙ্ক অফ বরোদা, জোনাল অফিস, কলকাতা জোন, কলকাতা, বরোদা টাওয়ার, প্লট নং-৩৮/২, ব্লক-জিএন, ষষ্ঠ তল, সেক্টর-৫, সল্টলেক সিটি, কলকাতা-৭০০ ০৯১-এর তরফে নিচে উল্লিখিতমতো সাব-অর্ডিনেট ক্যাডারে **পূর্ণমেয়াদি সুইপার-কাম-পিয়ন, পিয়ন এবং ড্রাইভার-কাম-পিয়ন**-এর শূন্যপদগুলি পূরণের জন্য দরখাস্ত আমন্ত্রণ করা হচ্ছে:-

রাজ্যের নাম	জেলার নাম #	পদের নাম	মোট শূন্যপদ	এসসি	এসটি	ওবিসি	ইউআর*	এর মধ্যে আলাদাভাবে সংরক্ষিত পদ			
								ওএইচ	ভিআই	এইচআই	ইএক্সএস
পশ্চিমবঙ্গ	#	সুইপার-কাম-পিয়ন	১০২	৪	৩	২৬	৬৯	১	১	১	১২
পশ্চিমবঙ্গ	#	পিয়ন	৩	০	০	২	১	১	০	০	০
পশ্চিমবঙ্গ	#	ড্রাইভার-কাম-পিয়ন	৪	০	০	২	২	০	০	০	০
সিকিম	#	সুইপার-কাম-পিয়ন	২	০	০	০	২	০	০	০	০

সংরক্ষিত শূন্যপদগুলির ক্ষেত্রে ব্যবহৃত সংক্ষিপ্ত রূপ: **এসসি**– তফসিলি জাতি, **এসটি**– তফসিলি উপজাতি, **ওবিসি**– অন্যান্য অনগ্রসর শ্রেণী, **ইউআর**– অসংরক্ষিত, **ওএইচ**– দৈহিক প্রতিবন্ধী, **ভিআই**– দর্শনগত প্রতিবন্ধী, **এইচআই**– শ্রবণগত প্রতিবন্ধী, **ইএক্সএস**– প্রাক্তন সমরকর্মী।

 # যে সকল জেলায় শূন্যপদগুলি রয়েছে, সেগুলি হল: পশ্চিমবঙ্গ রাজ্য— কলকাতা, উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, হুগলি, হাওড়া, নদীয়া, বর্ধমান, বীরভূম, পুরুলিয়া, পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর, মুর্শিদাবাদ, কোচবিহার, উত্তর দিনাজপুর, বাঁকুড়া, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার, দার্জিলিং এবং সিকিম রাজ্য— পূর্ব সিকিম জেলা।

চূড়ান্তরূপে নির্বাচিত প্রার্থীদের ব্যাঙ্কের প্রশাসনিক প্রয়োজন অনুযায়ী সংশ্লিষ্ট রাজ্যের জেলা(গুলি)তে যে কোনও শূন্যপদে বহাল করা হতে পারে।

*** এসসি / এসটি / ওবিসি শ্রেণীভুক্ত প্রার্থীরা অসংরক্ষিত শূন্যপদগুলির জন্যও আবেদন করতে পারেন। অবশ্য, সেক্ষেত্রে অসংরক্ষিত শ্রেণীভুক্ত প্রার্থীদের জন্য প্রযোজ্য নির্দেশিকা অনুসৃত হবে।**

সরকারি নির্দেশিকা মোতাবেক শূন্যপদ সংরক্ষণের বন্দোবস্ত করা হবে।

যোগ্যতামান:-

বয়স:-

১৬ ডিসেম্বর, ২০১৬ তারিখের ভিত্তিতে আবেদনকারীর বয়স কমপক্ষে ১৮ বছর পূর্ণ হতে হবে কিন্তু ২৬ বছরের বেশি হওয়া চলবে না। তফসিলি জাতি / তফসিলি উপজাতি / অন্যান্য অনগ্রসর শ্রেণী / প্রতিবন্ধী / প্রাক্তন সমরকর্মী শ্রেণীভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে সরকারি নির্দেশিকা অনুযায়ী বয়সের উর্ধ্বসীমায় নিচে উল্লিখিতমতো ছাড় অনুমোদন করা হবে:-

বয়সের উর্ধ্বসীমায় ছাড়

ক্রম নং	শ্রেণী / ক্যাটেগরি	বয়সের উর্ধ্বসীমায় ছাড়
১	সাধারণ (অসংরক্ষিত)	শূন্য
২	তফসিলি জাতি (এসসি) / তফসিলি উপজাতি (এসটি)	৫ বছর
৩	অন্যান্য অনগ্রসর শ্রেণী বা ওবিসি (নন-ক্রীমি লেয়ার)	৩ বছর
৪	প্রতিবন্ধকতাসম্পন্ন ব্যক্তি (পিবডব্লিউডি)	১০ বছর
৫	পুনর্বিবাহ না করা বিধবা, বিবাহ-বিচ্ছিন্না এবং স্বামীর কাছ থেকে আইনগতভাবে পৃথক হয়ে যাওয়া মহিলারা	৯ বছর
৬	প্রাক্তন সমরকর্মী / পঙ্গুদশাপ্রাপ্ত প্রাক্তন সমরকর্মী	প্রতিরক্ষা বাহিনীতে প্রকৃত যে মেয়াদ পরিষেবা দিয়েছেন + ৩ বছর (তফসিলি জাতি / তফসিলি উপজাতিভুক্ত প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ৮ বছর), সর্বাধিক ৫০ বছর বয়সসীমা পর্যন্ত
৭	০১.০১.১৯৮০ থেকে ৩১.১২.১৯৮৯ মেয়াদের মধ্যে জম্মু ও কাশ্মীরে স্বাভাবিক স্থায়ী বসতিপ্রাপ্ত ব্যক্তিবর্গ	৫ বছর
৮	১৯৮৪ সালের দাঙ্গা-কবলিত ব্যক্তিবর্গ	৫ বছর
৯	চাকরি থেকে ছাঁটাই হওয়া ইউনিয়ন কার্বাইড ফ্যাক্টরি, ভোপাল-এর স্থায়ী কর্মচারীরা (কেবলমাত্র মধ্যপ্রদেশ রাজ্যের ক্ষেত্রে প্রযোজ্য)	৫ বছর

Continued on Page (2)

দ্রষ্টব্য: (১) এসসি / এসটি / ওবিসি প্রার্থীদের ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমায় ছাড় ক্রমপুঞ্জিত ভিত্তিতে কেবলমাত্র বয়সের ঊর্ধ্বসীমায় ছাড় মিলবে এমন বাকি ক্যাটেগরিগুলির যে কোনও একটির ওপর অনুমোদন করা হবে।

(২) নির্ধারিত সর্বাধিক বয়সসীমা অর্থাৎ, ২৬ বছর সাধারণ বা অসংরক্ষিত প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য।

শিক্ষাগত যোগ্যতা:-

- প্রার্থীকে স্বীকৃত বোর্ড থেকে **'দশম শ্রেণী বা সমতুল পরীক্ষায় উত্তীর্ণ'** হতে হবে। #
- স্থানীয় মাতৃভাষায় পড়তে ও লিখতে পারার দক্ষতা আবেদনকারীর থাকতেই হবে। ইংরেজিতে দক্ষতা থাকলে অগ্রাধিকার মিলবে।

আবেদনের ফি:-

অ্যাপ্লিকেশন ফি / ইন্টিমেশন চার্জ (অনলাইন / অফলাইনে প্রদেয়) নিম্নমতো জমা দিতে হবে—

- **তফসিলি জাতি / তফসিলি উপজাতি / প্রতিবন্ধী / প্রাক্তন সমরকর্মী শ্রেণীভুক্ত আবেদনকারীদের ক্ষেত্রে ₹১০০/-**
- **বাকি সকল প্রার্থীর ক্ষেত্রে ₹৪০০/-**

আবেদনের ফি জমা দেওয়ার পদ্ধতি:-

১. *অনলাইনে জমা (ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে)।*

অনলাইনে অ্যাপ্লিকেশন ফি / ইন্টিমেশন চার্জ জমা দেওয়ার ক্ষেত্রে প্রযোজ্যমতো ব্যাঙ্কিং লেনদেনের চার্জ ইত্যাদি প্রার্থীকেই বহন করতে হবে।

২. *অফলাইনে জমা (ব্যাঙ্ক অফ বরোদার চালানের মাধ্যমে):-* অনলাইন পোর্টালে আবেদন করা শেষ হলে, এটি ফি জমা দেওয়ার জন্য একটি পে-ইন-স্লিপ বা ভাউচার বা চালান (ব্যাঙ্ক অফ বরোদা চালান) তৈরি হয়ে যাবে। কেবলমাত্র এই পে-ইন-স্লিপ ব্যবহার করে এই ব্যাঙ্কের অ্যাকাউন্টে যথাযথভাবে ফি জমা ক্রেডিট করানো যাবে। এই পে-ইন-স্লিপ নিয়ে ব্যাঙ্ক অফ বরোদার নিকটবর্তী কোনও শাখায় গিয়ে সেখানে এই অনলাইনে তৈরি হওয়া পে-ইন-স্লিপ ব্যবহার করে পরীক্ষার ফি জমা করতে হবে।

অনলাইনে আবেদন রেজিস্ট্রেশন শুরুর তারিখ **২৬ নভেম্বর, ২০১৬**	অনলাইনে আবেদন রেজিস্ট্রেশনের শেষ তারিখ **১৬ ডিসেম্বর, ২০১৬**
অনলাইন/অফলাইনে ফি জমা করার মেয়াদ	**২৬.১১.২০১৬ থেকে ১৬.১২.২০১৬-র মধ্যে**

বেতনক্রম ও ভাতা:-

₹৯,৫৬০/- – ₹১৮,৫৪৫/- + মহার্ঘ ভাতা + বাড়িভাড়া ভাতা + প্রযোজ্যমতো অন্যান্য ভাতা।

প্রার্থীবাছাই পদ্ধতি:-

কেবলমাত্র পরীক্ষার (অনলাইন / অফলাইন) মাধ্যমে কঠোরভাবে শুধুমাত্র মেধার ভিত্তিতে প্রার্থীদের বাছাই করা হবে।

সুইপার-কাম-পিয়ন/পিয়ন পদে নিয়োগের অফলাইন / অনলাইন পদ্ধতিতে পরিচালিত পরীক্ষার কাঠামো নিচে দেওয়া হল:-

সুইপার-কাম-পিয়ন/পিয়ন পদে নিয়োগের অনলাইন / অফলাইন পরীক্ষার পাঠনির্ঘণ্ট নিম্নরূপ হবে:-

ক্রম নং	অধ্যায় / বিষয়	পূর্ণমান	ন্যূনতম যে নম্বর পেতেই হবে	বরাদ্দ সময়
১	স্থানীয় ভাষার জ্ঞান	৩০	১২	২ ঘণ্টা
২	ইংরেজি ভাষার জ্ঞান	১০	৪	
৩	ব্যাঙ্কিং সহ সাধারণ জ্ঞান*	২০	৮	
৪	প্রাথমিক পাটিগণিত / গাণিতিক জ্ঞান	২০	৮	
৫	মেধা বা বুদ্ধিমত্তা পরীক্ষা (সাইকোমেট্রিক টেস্ট)	২০	৮	
	সর্বমোট	১০০	৪০	

***** *তফসিলি জাতি / তফসিলি উপজাতি শ্রেণীভুক্ত প্রার্থীরা ওপরে উল্লিখিত নম্বরে সরকারি নির্দেশিকা অনুযায়ী বর্তমানে প্রচলিত ৫% ছাড় পাবেন।***

Continued on Page (3)

সাব-স্টাফ ক্যাডারে <u>**ড্রাইভার-কাম-পিয়ন**</u> পদে নিয়োগের ক্ষেত্রে পরীক্ষার পাঠনির্ঘণ্ট নিম্নরূপ হবে:-

ক্রম নং	অধ্যায় / বিষয়	পূর্ণমান	ন্যূনতম যে নম্বর পেতেই হবে	বরাদ্দ সময়
১	স্থানীয় ভাষার জ্ঞান	২০	৮	২ ঘণ্টা
২	ইংরেজি ভাষার জ্ঞান	১০	৪	
৩	স্বাভাবিক ক্ষমতা / তৎপরতা পরীক্ষা** (অ্যাপটিটিউড টেস্ট)	৪০	১৬	
৪	প্রাথমিক পাটিগণিত / গাণিতিক জ্ঞান	১০	৪	
৫	মেধা বা বুদ্ধিমত্তা পরীক্ষা (সাইকোমেট্রিক টেস্ট)	২০	৮	
	সর্বমোট	১০০	৪০	

* *তফসিলি জাতি / তফসিলি উপজাতি শ্রেণীভুক্ত প্রার্থীরা ওপরে উল্লিখিত নম্বরে সরকারি নির্দেশিকা অনুযায়ী বর্তমানে প্রচলিত ৫% ছাড় পাবেন।*

** স্বাভাবিক ক্ষমতা / তৎপরতার পরীক্ষায় (অ্যাপটিটিউড টেস্ট) সংশ্লিষ্ট কাজের ক্ষেত্রে প্রয়োজন অনুযায়ী একজন প্রার্থীর জ্ঞান যাচাই করা হবে। **ড্রাইভার-কাম-পিয়ন** পদের ক্ষেত্রে পথ চলাচলের বিধির (ট্রাফিক রুলস) ওপর একজন প্রার্থীর জ্ঞান যাচাই করা হতে পারে।

ওপরে লেখা পরীক্ষাগুলিতে ইংরেজি ভাষা ছাড়া বাকি সমস্ত বিষয়/অধ্যায়ের প্রশ্ন দ্বিভাষিক হবে অর্থাৎ, হিন্দি অথবা বাংলাতে দেওয়া থাকবে।

ওপরে লেখা পরীক্ষা পদ্ধতির কাঠামোর রদবদল করার অধিকার এই ব্যাঙ্ক বহাল রাখে। এমন কোনও বদল হলে তা ব্যাঙ্কের ওয়েবসাইটে আপলোড করে দেওয়া হবে। পরীক্ষা সংক্রান্ত অন্যান্য বিশদ তথ্যাবলি একটি তথ্যপুস্তিকায় দেওয়া থাকবে, যা সংশ্লিষ্ট প্রার্থীর কল-লেটারের সঙ্গে পাঠিয়ে দেওয়া হবে অথবা, ব্যাঙ্কের ওয়েবসাইট থেকে এগুলি ডাউনলোড করে নেওয়া যাবে।

<u>দায় পরিত্যাগ বিজ্ঞপ্তি</u>:

প্রার্থীবাছাই প্রক্রিয়ার যে কোনও পর্যায়ে কোনও প্রার্থীর দেওয়া তথ্য ভুল প্রমাণিত হলে এবং/বা কোনও প্রার্থীর তরফে কোনও পদ্ধতির উল্লঙ্ঘণ ঘটলে প্রার্থীবাছাই প্রক্রিয়া থেকে সংশ্লিষ্ট প্রার্থীকে ছেঁটে ফেলা হবে এবং তাকে ভবিষ্যতে এই ব্যাঙ্কের কোনও নিয়োগ-পরীক্ষায় বসার অনুমতি দেওয়া হবে না। বর্তমান নিয়োগ-প্রক্রিয়ায় এমন কোনও ঘটনা ধরা না পড়লেও পরবর্তীতে যদি তা ধরা পড়ে, সেক্ষেত্রেও ওপরে লেখা সিদ্ধান্ত অতীত সম্পর্কে প্রযোজ্য হবে। কোনও কারণ না দেখিয়ে যে কোনও পর্যায়ে এই নিয়োগ প্রক্রিয়া বাতিল করার অধিকার এই ব্যাঙ্ক বহাল রাখে।

<u>ব্যাঙ্কের তরফে নেওয়া এই নিয়োগ সংক্রান্ত যাবতীয় সিদ্ধান্ত সকল প্রার্থীর ক্ষেত্রে চূড়ান্ত এবং অবশ্য পালনীয় হবে।</u>

....